

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত

ঢাকা-৩০ এপ্রিল, ২০১৯

আজ বিকাল ৫ টায় জাতীয় সংসদ ভবনের পশ্চিম ব্লকের ২য় লেভেলে অবস্থিত ১নং স্থায়ী কমিটি কক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি।

উক্ত বৈঠকে নিরাপদ, নিয়মিত, সুষ্ঠু ও দায়িত্বশীল অভিবাসন এবং প্রতি উপজেলা থেকে প্রতিবছর একহাজার জন যুব/ যুবমহিলাদের বৈদেশিক কর্মসংস্থান বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা হয়।

এতে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি, কমিটির সদস্য অধ্যাপক আলী আশরাফ এমপি, মৃগাল কান্তি দাস এমপি, পংকজ নাথ এমপি, সাদেক খান এমপি, আয়েশা ফেরদৌস এমপি ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান প্রমুখ।

